

## বন্যা দুর্গতদের জন্য নির্মিত অবশিষ্ট ৩০ (ত্রিশ) টি রেসকিউ বোট হস্তান্তর করেছে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ (ডিইডব্লিউ লিঃ), নারায়ণগঞ্জ



আজ ১৬ আগস্ট ২০২২ তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জন্য নির্মিত ৬০ (ষাট) টি মাল্টিপারপাস এক্সেসিবল রেসকিউ বোটের মধ্যে অবশিষ্ট ৩০ (ত্রিশ) টি বোটের হস্তান্তর অনুষ্ঠান সম্পন্ন হয়। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডাঃ মোঃ

এনামুর রহমান এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক সহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি বোটসমূহের হস্তান্তর কার্য সুসম্পন্ন করেন। উল্লেখ্য, গত ২১ জুলাই ২০২০ তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সাথে ডিইডব্লিউ লিঃ, নারায়ণগঞ্জ এর মধ্যে ৬০ টি রেসকিউ বোটের জন্য সর্বমোট ২৭ কোটি টাকা মূল্যের চুক্তি স্বাক্ষরিত হয়। ৫৪ ফুট দীর্ঘ, ১২.৫০ ফুট প্রস্থ এবং ৭ নট গতির এই রেসকিউ বোটগুলি ৮০ জন ধারণক্ষমতাসম্পন্ন যার মাধ্যমে বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ কবলিত অঞ্চলসমূহের জনগণকে দ্রুততর সময়ে নিরাপদ স্থানে স্থানান্তর করা সম্ভব হবে। এছাড়া বোটগুলি যে কোন দুর্যোগময় মুহুর্তে অতি অল্প সময়ে ত্রাণসহ নানাবিধ সহায়তা প্রদান করতে সক্ষম। বোটগুলির ড্রাফট অত্যন্ত কম হওয়ায় দেশের বিভিন্ন সরু নদী পথে এবং প্রত্যন্ত অঞ্চলসমূহে বন্যা দুর্গতদের সেবায় যাতায়াত করা সহ যে কোন স্থানে ল্যান্ডিং/ বিচিং করার মাধ্যমে দুর্গত এলাকায় উদ্ধারকার্য চালাতে সক্ষম। বোটগুলোতে থাকছে Physically Challenged কিংবা আহত ব্যক্তিদের জন্য হুইল চেয়ার, স্ট্রেচার ও ওয়াকিং ফ্রেম। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বর্তমান সরকারের সময়ে তারই সুযোগ্য তনয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিবন্ধিতা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক উপদেষ্টা মিজ সায়মা ওয়াজেদের নির্দেশনায় এই ধরনের আধুনিক সুবিধা সম্পন্ন, প্রতিবন্ধি সহায়ক রেসকিউ বোট সম্পূর্ণ দেশীয় ব্যবস্থাপনায় তৈরী করার মাধ্যমে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। বৈশ্বিক মহামারী করোনা সংক্রমণ রোধে সরকার কর্তৃক জারিকৃত কঠোর লকডাউনের মধ্যেও স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতিষ্ঠানটির উৎপাদন কার্যক্রম অব্যাহত ছিল। ইয়ার্ডটি ঐতিহ্যবাহী নগরী নারায়ণগঞ্জের কোল ঘেঁষে শীতলক্ষ্যা নদীর পূর্বপাড়ে ১৯২৬ সালে প্রতিষ্ঠিত হয়। মোট ২২ একর এলাকা সমৃদ্ধ এই ইয়ার্ড দেশের সবচাইতে ঐতিহ্যবাহী ও পুরাতন ডকইয়ার্ড, যার জাহাজ নির্মাণ ও মেরামতের ক্ষেত্রে রয়েছে প্রায় শতবর্ষের প্রত্যক্ষ ও বাস্তব অভিজ্ঞতা। শিপবিল্ডিং ও মেরামতের পাশাপাশি সকল প্রকার স্টিল ইঞ্জিনিয়ারিং কাজসহ বিভিন্ন জাহাজের ইঞ্জিন ওভারহলিং থেকে শুরু করে প্রায় সকল ধরনের ভারী মেকানিক্যাল কাজ এই ডকইয়ার্ডের সক্ষমতার অন্তর্ভুক্ত। নির্ভরযোগ্য ও যুগোপযোগী অবকাঠামো, গুণগতমান নিয়ন্ত্রণ, শ্রমিকদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবাসহ সকল সুযোগ সুবিধা, সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা এবং পরিবেশ বান্ধব উৎপাদনমুখী কর্মপরিবেশ অত্র ইয়ার্ডের ক্রমবর্ধমান উন্নয়নের চালিকাশক্তি।